

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮৬৩

 کتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৮৫. মদীনার মর্যাদা, সেখানকার মাল সম্পদে বারাকাতের জন্য নবী (ﷺ) এর দু'আ, সে স্থান হারাম হওয়া, সেখানে শিকার করা, বৃক্ষ কর্তন করা নিষিদ্ধ এবং এর হারামের সীমারেখা।

فضل المدينة ودعاء النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فيها بالبركة وبيان تحريمها وتحريم صيدها وشجرها وبيان حدود حرمها

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ زَيْدِ رضي الله عنه، عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ إِبْرَاهِيمَ حَرَّمَ وَبُكَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ إِبْرَاهِيمُ مَكَّةَ وَدَعَوْتُ لَهَا، فِي مُدِّهَا وَحَرَّمْ تَا لَهُا، فِي مُدِّهَا وَصَاعِهَا، مِثْلَ مَا دَعَا إِبْرَاهِيمُ عَلَيْهِ السَّلَامُ لِمَكَّةَ

বাংলা

৮৬৩. আব্দুল্লাহ ইবনু যায়দ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ইবরাহীম (আঃ) মক্কাহকে হারাম ঘোষণা করেছেন ও তার জন্য দুআ করেছেন। আমি মদীনাকে হারাম ঘোষণা করেছি, যেমন ইবরাহীম (আঃ) মক্কাকে হারাম ঘোষণা করেছেন এবং আমি মদীনার মুদ ও সা' এর জন্য দু'আ করেছি; যেমন ইবরাহীম (আঃ) মক্কার জন্য দু'আ করেছিলেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩৪ : ক্রয়-বিক্রয়, অধ্যায় ৫৩, হাঃ ২১২৯; মুসলিম, পর্ব ১৫ হাজ, অধ্যায় ৮৫, হাঃ ১৩৬০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন